

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(সরকারি মাধ্যমিক-১)  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০১৩.২১.২২৫

তারিখ : ৬ মে কাল্পন, ১৪২৮ বঙ্গাব্দ  
২০ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বিভাগীয় মামলার আদেশ

বিভাগীয় মামলা নং-০৩/২০২১

রাষ্ট্র

বনাম

জনাব সুশান্ত কুমার দেব, সাবেক জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ বৈর্তমানে প্রধান শিক্ষক, গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গাইবান্ধা।

বিধি: সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ)।


যেহেতু, জনাব সুশান্ত কুমার দেব, জেলা শিক্ষা অফিসার, বিনাইদহে থাককালীন তার বিরুদ্ধে কোডিড-১৯ মহামারীর সময় সরকারি নির্দেশনা আমান্য করে কর্মস্থলে অনুপস্থিত, জেলা শিক্ষা অফিসে নিজে বসবাস এবং ডাইভারকে বসবাসের সুযোগ প্রদান, শিক্ষক কর্মচারীদের এসপিও প্রদানের ক্ষেত্রে ইচ্ছাকৃতভাবে হয়রানি করেন এবং অধীনস্থ কর্মচারী ও সেবাপ্রার্থীদের সাথে অসৌজন্যমূলক আচরণ করেন মর্মে গত ১০ অক্টোবর ২০২১ তারিখে ৫৫০ সংখ্যক স্মারকে অভিযোগ গঠন করা হয়েছে যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) বিধি অনুযায়ী অসদাচরণের শামিল;

০২। এবং যেহেতু, কার্যধারা চলাকালে জনাব সুশান্ত কুমার দেব, জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ লিখিত জবাব দাখিল করেন যা সন্তোষজনক প্রতীয়মান হয়েছে;

০৩। সেহেতু, জনাব সুশান্ত কুমার দেব, জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ-এর বিরুদ্ধে গঠিত অভিযোগের দায় থেকে অব্যাহতি দেওয়া হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
২৪/০৬/১৯৮  
(মো: আবু বকর চৌধুরী)


সচিব

তারিখ : ৬ মে কাল্পন, ১৪২৮ বঙ্গাব্দ  
২০ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

নং-৩৭.০০.০০০০.০৭১.০৪.০১৩.২১.

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো:

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ।)
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।)

  
২০.৩.১২  
(আলমগীর হছাইন)

উপসচিব

ফোন: ৯৫৪৫৯৭৪